



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

প্রেস রিলিজ

## ঢাকায় অনুষ্ঠিত হচ্ছে সাইবার অপরাধ নিয়ন্ত্রণ শীর্ষক আন্তর্জাতিক কর্মশালা

ঢাকা, ০৫ মার্চ ২০১৭ঃ

আগামী ০৭-০৮ মার্চ ২০১৭ ঢাকায় কমনওয়েলথ টেলিযোগাযোগ সংস্থা (Commonwealth Telecommunication Organisation-CTO)-এর উদ্যোগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন-এর সক্রিয় সহযোগিতায় “ডিজিটাল বাংলাদেশঃ সাইবার অপরাধ, নিরাপদ ইন্টারনেট ও ব্রডব্যান্ড শীর্ষক (Digital Bangladesh: Focusing on Cybercrime, Safe Internet and Broadband)” দুইদিন ব্যাপি এক আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিত হবে।

আগামী মঙ্গলবার ০৭ ই মার্চ ঢাকার ল্যা মেরিডিয়ান হোটেলে বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এম.পি প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করবেন। ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম এম.পি বিশেষ অতিথি হিসেবে কর্মশালায় উপস্থিত থাকবেন। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদ এম.পি, বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার Ms Alison Blake, এশিয়া প্যাসিফিক টেলিকমিউনিটির মহাসচিব Ms Areewan Haorangsi এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ আহসান হাবিব খান অনুষ্ঠানে বক্তব্য রাখবেন। কমনওয়েলথ টেলিযোগাযোগ সংস্থার (CTO) মহাসচিব শোলা টেইলর (Mr. Shola Taylor) Tackling Cybercrime: A global imperative for a safe Internet শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করবেন।

দুইদিন ব্যাপী অনুষ্ঠিতব্য এ কর্মশালায় ০৯ টি সেশনে Facebook-এর ভারত ও দক্ষিণ এশীয়া বিষয়ক পাবলিক পলিসি পরিচালক অঁখি দাস (Ankhi Das), ইন্টারপোল (INTERPOL)-এর জাতীয় সাইবার রিভিউ ম্যানেজার স্টিভ হনিস (Steve Honiss), আইটিইউ (ITU)-এর জ্যেষ্ঠ উপদেষ্টা সমীর শর্মা (Sameer Sharma), GSMA-এর পাবলিক পলিসি ডাইরেক্টর ডমিনিক ল্যাজানস্কি (Dominique Lazanski), UNODC-এর বৈশ্বিক সাইবার অপরাধ দমন কর্মসূচির প্রধান নেইল জে. ওয়ালশ্ (Neil J. Walsh), কমনওয়েলথ সচিবালয়ের লীগ্যাল এডভাইজর শাদ্রাচ হারুনা (Shadrach Haruna) বিভিন্ন সেশন ও প্যানেল আলোচনায় বক্তব্য রাখবেন। এছাড়া AMTOB-এর মহাসচিব, দেশের বিভিন্ন আইন-শৃংখলা রক্ষাকারী ও নিরাপত্তা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন মোবাইলফোন ও টেলিযোগাযোগ অপারেটরদের প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিআরসি'র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ কর্মশালায় অংশ নিবেন।

কর্মশালায় ইন্টারনেট সুরক্ষা, সাইবার অপরাধ প্রতিরোধে টেলিযোগাযোগ রেগুলেটরের ভূমিকা ও বিশ্বব্যাপী সর্বোত্তম চর্চা, সাইবার অপরাধ তদন্ত ও বিচারঃ স্থানীয় ও আন্তর্জাতিক প্রেক্ষিত, ওভার দ্যা টপ (Over The Top -OTT) সেবার সুযোগ ও প্রতিবন্ধকতা, সাইবার অপরাধ দমনে ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠান ও মোবাইলফোন অপারেটরদের ভূমিকা, বাংলাদেশে সাইবার অপরাধ দমনে টেলিযোগাযোগ খাতের গৃহীত কৌশলসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় গুরুত্বসহকারে আলোচিত হবে। এছাড়া, ঢাকার বিভিন্ন স্কুল ও কলেজের প্রায় শতাধিক ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে Safe Surfing for Children বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক একটি বিশেষ সেশনও অনুষ্ঠিত হবে।

প্রাপক,

মাননীয় সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্রঃ

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটরঃ

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেলঃ

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

(সংবাদ বিজ্ঞপ্তিটি আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ, তাই জনস্বার্থে গুরুত্বসহ তা

বহুল প্রচারের জন্য বিনীত অনুরোধ করছি।)

আপনার একান্ত,

মোঃ সরওয়ার আলম

সচিব ও মুখপাত্র

বিটিআরসি

যোগাযোগঃ

০১৫৫২২০২৭০৫ ও ৯৫৬৩৩৬৬